

খসড়া 11.5.2020

DeKalb স্কুলগুলোর উইক অফ অ্যাকশন 2020 এর বিষয় ব্ল্যাক লাইভস ম্যাটার

সংবাদ প্রকাশ

নভেম্বর 9-13 DeKalb County School District (DCSD)-তে DeKalb স্কুলগুলোর উইক অফ অ্যাকশন 2020 এর বিষয় ব্ল্যাক লাইভস ম্যাটার সম্প্রদায়িক Historically Black Colleges and Universities (HBCUs)-এর একটি সোশ্যাল মিডিয়া উদযাপন, DeKalb কাউন্টির কৃষ্ণাঙ্গ মালিকানাধীন ব্যবসায়িক উদযাপন, মাই ব্রাদার'স কিং-অফ, একটি "মাই ব্ল্যাক ইজ বিউটিফুল ইউনিটি ডে" এবং শিক্ষার্থীদের নিয়ে প্যানেল আলোচনা সহ ব্ল্যাক লাইভস ম্যাটার স্কুল ভিত্তিক পঠন-পাঠনের কর্মকাণ্ড চলবে।

শিক্ষা পর্ষদ (Board of Education) গত 13 জুলাই, 2020 তে DeKalb স্কুলগুলোর উইক অফ অ্যাকশন 2020 এর বিষয় ব্ল্যাক লাইভস ম্যাটারের সংকল্প করেছিল। এই সম্প্রদায়িক লক্ষ্য হল সমস্ত বয়সের মানুষের বর্ণ বৈষম্যের ন্যায়বিচারের বিষয়ে সম্পৃক্ত হওয়ার জন্য স্কুল কমিউনিটির মধ্যে সমালোচনামূলক প্রতিচ্ছবি এবং সং কথোপকথনের চলমান আন্দোলনের সূচনা করা।

"DeKalb County School District একটি বৈচিত্র্যময় স্কুল ডিস্ট্রিক্ট এবং আমরা সেই সুন্দর বৈচিত্র্য প্রতিটি উপায়ে উদযাপন করি," বলে সুপারিনটেনডেন্ট Cheryl Watson-Harris জানান। "DeKalb স্কুলগুলোর উইক অফ অ্যাকশন 2020 এর বিষয় ব্ল্যাক লাইভস ম্যাটার আমাদের কমিউনিটির জাতিগত এবং সামাজিক অবিচারের বিরুদ্ধে কথা বলার সময় আমাদের শিক্ষার্থী এবং কর্মীদের আমাদের কমিউনিটির জন্য ইতিবাচক পদক্ষেপ স্বীকৃতি দেয়ার একটি সুযোগ করে দেয়।"

সানফোর্ড, ফ্লোরিডায় একজন নেবারহুড ওয়াচ কোঅর্ডিনেটর 17 বছর বয়সী ট্রেভন মার্টিনকে গুলি করার প্রতিক্রিয়া হিসাবে ব্ল্যাক লাইভস ম্যাটার বিষয়টি 2013 সালে সোশ্যাল মিডিয়া হ্যাশট্যাগ হিসাবে শুরু হয়েছিল। সোশ্যাল মিডিয়ার আন্দোলন বিশ্বব্যাপী কৃষ্ণাঙ্গ মানুষদের ন্যায়বিচার, নিরাময় এবং স্বাধীনতা আনতে শক্তি গঠনের লক্ষ্য নিয়ে একটি বিশ্বব্যাপী আন্দোলনে রূপান্তরিত হয়েছিল।

DeKalb কাউন্টির শিক্ষা পর্ষদের সভাপতি Mr. Marshall Orson বলেছেন, "DeKalb County School District-এর স্কুল সম্প্রদায় ব্ল্যাক লাইভস ম্যাটার বিষয়টি কৃষ্ণাঙ্গ শিক্ষার্থী, কর্মী এবং কমিউনিটির প্রতি ডিস্ট্রিক্টের প্রতিশ্রুতিবদ্ধতার একটি প্রমাণ। এই কমিউনিটিগুলি যে চ্যালেঞ্জের সম্মুখীন হয়েছে তার পাশাপাশি গুরুত্বপূর্ণ অবদানগুলির উপর মনোনিবেশ করে আমরা DCSD-র অংশ বা সম্পর্কযুক্ত সকলের জীবন সমৃদ্ধ করব।"

"আজকের সমাজে, ব্ল্যাক লাইভস ম্যাটার আন্দোলন হল আমাদের পূর্বপুরুষরা ইতিহাস জুড়ে যে লড়াই করেছে তার প্রতিফলন" বলে স্কুল পর্ষদের সদস্য Dijon DaCosta বলেছেন। "আমাদের পূর্বপুরুষরা ন্যায়বিচার, স্বাধীনতা, সাম্যতা এবং পরিবর্তনের জন্য লড়াই করেছিল, যা সংখ্যালঘু এবং কৃষ্ণাঙ্গ মানুষদের জন্য উপকারি। আমাদের সম্পৃক্ত থেকে, অবহিত থেকে এবং আমাদের কথা সবাইকে জানিয়ে উত্তরাধিকারের ভিত্তিতে অব্যাহত রাখতে হবে। এখন সময়টি হল প্রগতিশীল পরিবর্তন, বৈচিত্র্য এবং অন্তর্ভুক্তির দিকে এগিয়ে যাওয়ার সময়। আমরা অতীতের বিভাজনমূলক আচরণ চালিয়ে যেতে পারব না। পরিবর্তন আমাদের থেকেই শুরু হবে।"

“DeKalb স্কুলগুলোর উইক অফ অ্যাকশন 2020 এর বিষয় ব্ল্যাক লাইভস ম্যাটার” সম্পর্কে আরো তথ্যের জন্য এটি দেখুন:<https://www.dekalbschoolsga.org/featured-news/black-lives-matter-at-dekalb-schools/>।

কভারেজের জন্য মিডিয়া অনুরোধ এখানে পাঠান:communications@dekalbschoolsga.org।